

মানবিক কর্মকাণ্ডসহ সকল কর্মকাণ্ডে জবাবদিহিতা এবং গুণগত মূল আদর্শমান বা Core Humanitarian Standard on Accountability and Quality (CHS) কোস্ট যেভাবে বাস্তবায়ন করে।

- সাধারণভাবে মানবিক কর্মকাণ্ড বলতে বুঝায় দুর্ভোগ পরবর্তীতে মানুষের জীবন ও সম্পদ রক্ষা করা বিষয়ক কর্মকাণ্ড। যেমন: সিডর, আইলা, রোয়ানু, মোরা ঘূর্ণিঝড় পরবর্তীতে কোস্ট যেসকল কর্মকাণ্ড বাস্তবায়ন করেছে; রিলিফ বিতরণ, বিপুল খাবার পানি বিতরণ, নগদ অর্থ বিতরণ, মানুষজনকে নিরাপদ আশ্রয়ে নিতে সহায়তা, স্বাস্থ্য সেবা ইত্যাদি। উন্নয়ন কর্মকাণ্ড বলতে সংস্থার বেশীর ভাগ কর্মকাণ্ডকেই বুঝায়। যেমন: ক্ষুদ্র ঋণ, অবকাঠামো উন্নয়ন, সিডস, উজ্জীবিত, রূপ, সিএলএস প্রকল্পের কাজ ইত্যাদি। আবার কিছু কাজ আছে, যেমন উপকূলীয় মানুষ ও জমি সুরক্ষায় মানব বন্ধন, প্রেস কনফারেন্স, এমপি-মন্ত্রীদেবের সাথে সেমিনার, ছবি তুলে ও গবেষণা করে উপকূলীয় মানুষের দুঃ দূর্দশা বিষয়ে নিতিনির্ধারক ও উন্নয়ন সহযোগীদের দৃষ্টি আকর্ষণ করা, এগুলি হলে অধিপরামর্শ বা এডভোকেসারী কার্যক্রম। কোস্ট এই তিন ধরনের কাজই করে।
- এক্ষেত্রে কোস্ট সর্বদাই যাদের জন্য কাজ তাদেরকে গুরুত্ব দেয়। তথা উপকূলীয় জনগণকে গুরুত্ব দেয় এবং এর মধ্যে নারী ও শিশুদের অগ্রাধিকার দেয়। সংস্থার একটি দক্ষ, সৎ ও নিবেদিত কর্মীবাহিনী আছে যারা এসকল সদস্য বা উপকারভোগীদের সম্মান উর্ধেধরে, তাদের মতামতকে গুরুত্ব দিয়ে এবং কর্মকাণ্ডের বিভিন্ন পর্যায়ে তাদের অংশগ্রহণ নিশ্চিত করে কাজ করে। সংস্থায় সদস্য, কর্মী এবং অন্যান্য স্টেকহোল্ডারগণ মতামত দেওয়ার ব্যবস্থা আছে। এখানে অর্থিক সচ্ছতা, তথ্যের উন্মুক্ততা এবং বিশেষ করে কর্মীদের জবাবদিহিতাকে গুরুত্ব দিয়ে একটি ভালো ব্যবস্থাপনা পরিচালিত হয়।
- এনজিও বুরো, মাইক্রো ক্রেডিট রেগুলেটরী কর্তৃপক্ষসহ ও স্থানীয় কর্তৃপক্ষ (ডিসি-ইউএনও) আইনগত ভাবে সংস্থার জবাবদিহিতার বিষয়গুলি দেখে। বার্ষিক এক্সটার্নাল অডিট, ডোনার অডিট-মনিটরিং এবং ইভালুয়েশনও সংস্থার জবাবদিহিতা দেখে। সবার শেষ কথা হচ্ছে সদস্য বা উপকারভোগীদের কার্যকর উন্নয়ন বা উপকার এবং নৈতিকতার সাথে অর্থ ও সম্পদের ব্যবহার।
- বৈশ্বিকভাবে যারা মানবিক বা উন্নয়ন কর্মকাণ্ডের সাথে যুক্ত তারাও (বিভিন্ন দাতা দেশ ও সংস্থা, জাতিসংঘ, আইএনজিও, রেডক্রস রেডিক্রসেন্ট সোসাইটি ইত্যাদি) সদস্য বা উপকারভোগীদের কার্যকর উন্নয়ন বিষয়ে সচেতন। একই ভাবে দাতা সংস্থাসমূহ যে অর্থ আমাদেরমত সংস্থার মাধ্যমে দরিদ্র, দুর্ভোগ পিড়িত ও অসহায় মানুষের উন্নয়নে দিচ্ছে তা সঠিক ভাবে ব্যবহার হচ্ছে কিনা সে বিষয়েও দিধাশিত। যে কারণে বিভিন্ন সময় এসকল সংস্থা কিছু কিছু আদর্শমান বা সূচক সামনে নিয়ে আসে যাতে অসহায়দের প্রকৃত উন্নয়ন হয় এবং অর্থের নৈতিক ও সঠিক ব্যবহার নিশ্চিত হয়। যেমন: হ্যাপ, স্কিয়ার প্রজেক্ট, পিপল ইন এইড আরো অনেক। কোস্ট হ্যাপের সদস্য ছিলো এবং দুইবার গুণগত ব্যবস্থাপনা ও জবাবদিহিতা চর্চার জন্য সার্টিফিকেট পেয়েছে।
- হ্যাপ, সদস্য বা উপকারভোগীদের নিকট জবাবদিহিতা ও ভালো ব্যবস্থাপনার কথা বলে। স্কিয়ার প্রজেক্ট মানবিক সহায়তার ক্ষেত্রে ন্যূনতম আদর্শমানের কথা বলে (যেমন: কত পরিমাণ চাল বা ডাল দিতে হবে, কত পরিমাণ পানি দিতে হবে বা একটি পরিবার কে ন্যূনতম কত টাকা দিতে হবে ইত্যাদি) এবং পিপল ইন এইড কর্মীদের উন্নয়ন, নিরাপত্তা ও অধিকার এর কথা বলে।
- মূলত এই তিনটি আদর্শমান চর্চাকারী দাতা দেশ, সংস্থা ও প্রতিষ্ঠান একসাথে হয়ে "মানবিক কর্মকাণ্ডসহ সকল কর্মকাণ্ডে জবাবদিহিতা এবং গুণগত মূল আদর্শমান বা Core Humanitarian Standard on Accountability and Quality (CHS) " তৈরি করেছে এবং নিজেরা ওয়াদা করেছে তারা এখন থেকে কর্মকাণ্ডের সকল ক্ষেত্রে এই আদর্শমান মেনে চলবে। ২০১৫ সালে বিশ্বব্যাপী ব্যাপক আলোচনা করে CHS এ মোট ৯টি কমিটমেন্ট বা অঙ্গীকার তৈরি করা হয়েছে। প্রতিটি কমিটমেন্টের জন্য একাধিক সূচক এবং কর্মকাণ্ড নির্ধারণ করা আছে। বাংলাদেশে কোস্ট দেশব্যাপী এই আলোচনা প্রক্রিয়া নেতৃত্ব দেয়। এখানে বলা হয়েছে, যে সকল সংস্থা এই ৯টি কমিটমেন্ট বজায় রেখে কার্যক্রম পরিচালনা করবে তাদের দ্বারা সদস্য বা উপকারভোগীদের প্রকৃত উন্নয়ন নিশ্চিত হবে, সংস্থায় ভালো ব্যবস্থাপনা বজায় থাকবে এবং কর্মীগণ দক্ষ হয়ে উঠবে। বর্তমানে কোস্ট ট্রাস্টসহ বিশ্বের মোট প্রায় ২৬৫ টি সংস্থা CHS এর সদস্য হয়েছে এবং এই ৯টি কমিটমেন্ট চর্চা করছে। CHS Alliance <http://www.chsalliance.org> নামে একটি সদস্য ভিত্তিক সংস্থা এই আদর্শমান প্রচার, বাস্তবায়ন ও সহায়তা করার কাজে নিয়োজিত। কোস্ট নির্বাহী পরিচালক এই এলান্সের গভার্নিং বোর্ডের নির্বাচিত সদস্য হিসেবে ৩ বছরের জন্য কাজ করবেন।

নিচে ৯টি কমিটমেন্ট বাস্তবায়নে নির্ধারিত সূচক ও কর্মকাণ্ড অনুসরণ করে কোস্ট কি কি করে তা একটি ছকে সংক্ষিপ্তভাবে তুলে ধরা হলো। যার মাধ্যমে ৯ টি কমিটমেন্ট এবং প্রতিটির জন্য নির্ধারিত আদর্শমান সম্পর্কে সাম্যক ধারণা পাওয়া যাবে।

ক্রম	কমিটমেন্ট	কিভাবে কোস্ট এই কমিটমেন্ট বাস্তবায়ন করে। (প্রমাণ)	প্রমাণিক ডকুমেন্ট
১.	সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সংস্থা থেকে তাদের প্রয়োজন অনুযায়ী প্রাসংগিক এবং যথাযথ সহায়তা	১.১ দুর্ভোগ হলে কোস্ট সহকর্মীগণ ক্ষতিগ্রস্ত মানুষের সাথে কথা বলে, প্রশাসনের সাথে কথা বলে এবং ইউনিয়ন পরিষদের সাথে কথা বলে এবং প্রতিবেদন তৈরি। ১.২ সদস্যদের চাহিদা অনুযায়ী লোন প্রদান করি। ১.৩ প্রকল্প থেকে প্রশিক্ষণ প্রদান করার বিষয় থাকলেও আমরা উপকার ভোগীদের চাহিদা যাচাই করি।	১.১ রোয়ানু, মোরা, আইলা, সিডর এর সময় চাহিদা নিরূপন প্রতিবেদন। ১.২ লোন প্রস্তুতবনা সমিতি রেজুলেন খাতা। ১.৩ সদস্য পর্যায়ে প্রশিক্ষণ চাহিদা নিরূপন ছক বা রেজিস্টার।

ক্রম	কমিটমেন্ট	কিভাবে কোস্ট এই কমিটমেন্ট বাস্তবায়ন করে। (প্রমাণ)	প্রমাণিক ডকুমেন্ট
	পায়।	<p>১.৪ কর্মএলাকার মানুষের চাহিদা বিবেচনা করে কোস্ট কর্মসূচি গ্রহণ করে। যেমন: বেরিবাঁধ নির্মাণের আন্দোলন।</p> <p>১.৫ ক্ষুদ্র ঋণ কর্মসূচির নিয়ম কানুন সদস্যদের চাহিদা বিবেচনায় তৈরি ও পরিবর্তন করা হয়। সমিতি ও জনসংগঠন সভায় এসব চাহিদার কথা সদস্যরা বলেন।</p> <p>১.৬ কোন প্রকল্প প্রস্তাবনা তৈরির সময়; দুর্যোগ বা অন্যান্য বিষয়ে প্রকল্প।</p> <p>১.৭ সংস্থা নিয়মিত ভাবে স্থানীয় জনগণ, উপকারভোগী ও স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগ রাখে। সমিতি সভা, প্রকল্প উপকারভোগীদের সাথে সভা, ইউপি মেম্বার চেয়ারম্যান, উপজেলা অফিস, জনসংগঠন সভা ইত্যাদি মাধ্যমে তাদের চাহিদা ও মতামত বিষয়ে জানতে পারে।</p>	<p>(উজ্জ্বলিত, পেইস) গাছের চারার চাহিদা রেজিস্টার (আইইউসিএন)। ইত্যাদি।</p> <p>১.৪ রোয়ানু পরবর্তী চাহিদা নিরূপন প্রতিবেদন।</p> <p>১.৫ কেন্দ্রীয় জনসংগঠন সভা প্রতিবেদন।</p> <p>১.৬ প্রকল্প প্রস্তাবনা সমূহের পশ্চি অংশ।</p> <p>১.৭ স্টেক হোল্ডার ফাইল (শাখা এবং সকল প্রকল্প অফিসে রাখা আছে।</p>
২.	আমরা যাদের জন্য কাজ করি, তারা এবং স্থানীয় জনগণ সংস্থা থেকে সময়মত সহায়তা পায় এবং সংস্থা সময়মতো তাদের প্রয়োজনে সাড়া দেয় ও কর্মকান্ড বাস্তবায়ন করে।	<p>২.১ কর্মএলাকায় দুর্যোগ ঘটার সাথে সাথে সাথে কোস্ট সহকর্মীগণ ক্ষতিগ্রস্ত জনগণের সহায়তায় কাজে নেমে পড়ে।</p> <p>২.২ সদস্যরা যেসময়ে সঞ্চয় ফেরৎ বা লোন নিতে চায় সংস্থা তাদের সময়কে গুরুত্ব দেয় এবং সদস্যকে লোন দেয় বা সঞ্চয় ফেরৎ দেয়। অহেতুক সময় ক্ষেপণ করে না।</p> <p>২.৩ মাঠকর্ম সহায়তা ম্যানুয়াল এবং কোস্ট দুর্যোগ নিতিমালায় এবিষয়ে দিক নির্দেশনা দেওয়া আছে।</p> <p>২.৪ সদস্যদের চাহিদাকৃত সময়ের মধ্যে লোন বিতরণ বা সঞ্চয় ফেরৎ দেওয়া হয় কি না তা মনিটর করা হয়।</p> <p>২.৫ প্রকল্প সমূহে সদস্যদের সময় বুঝে কোন সময়ে কোন সভা বা প্রশিক্ষণ বা সহায়তা করা হবে তা নির্ধারণ করা হয়। এবং যে সময়ে যে কাজটি করার কথা প্রকল্প প্রস্তাবনায় উল্লেখ আছে সেগুলি সেই সময়েই বাস্তবায়িত হয়।</p> <p>২.৬ প্রকল্প কর্মকান্ড মনিটরিং এবং পিপিএম সভায় এগুলি যাচাই করা হয়।</p>	<p>২.১ সম্প্রতি ঘটে যাওয়া ঘূর্ণিঝড় মোরা ও রোয়ানু কর্মকান্ড বিষয়ে কোস্ট প্রতিবেদন।</p> <p>২.২ ঋণ নিতিমালা ও মাঠ কর্ম সহায়িকা।</p> <p>২.৩ সংস্থার দুর্যোগ নিতিমালা।</p> <p>২.৪ অডিট ও মনিটরিং প্রতিবেদন।</p> <p>২.৫ প্রকল্প প্রস্তাবনা ও কর্মপরিকল্পনা।</p> <p>২.৬ মনিটরিং ও পিপিএম সভা প্রতিবেদন।</p>
৩.	আমাদের কর্মকান্ড দ্বারা সদস্যরা বা স্থানীয় জনগণ কোনভাবে ক্ষতিগ্রস্ত হয় না বা তাদের জীবনে কোন নেতিবাচক প্রভাব পড়ে না। বরং তাদের সক্ষমতা আরো বৃদ্ধি পায়।	<p>১.১ দুর্যোগ কালীন সহায়তা বা যেসকল কর্মকান্ড কোস্ট গ্রহণ করে তা মানুষের চাহিদা এবং সক্ষমতা বিবেচনায় নিয়েই করা হয় ফলে কোন নেতিবাচক প্রভাব পড়ি না। যেমন: পুকুর খনন, ক্ষতিগ্রস্ত পান চাষীদের অর্থিক সহায়তা, বিজ্ঞান খাবার পানি বিতরণ ইত্যাদি।</p> <p>১.২ কোস্ট উপকূলীয় জনগণের সুরক্ষার জন্য যেসকল অধিপরামর্শ কার্যক্রম করে তার ফলাফল হিসাবে সরকার থেকে বার্ষিক নির্মাণের বাজেট বৃদ্ধি ও বার্ষিক নির্মাণ তাদের সক্ষমতা আরোও বৃদ্ধি করে।</p> <p>১.৩ ঋণ নিয়ে সদস্যরা অর্থিকভাবে সক্ষম হয় এবং তাদের আর্থিক শৃংখলা ফিরে আসে।</p> <p>১.৪ সকল প্রকল্প কর্মকান্ড বাস্তবায়িত হয় উপকারভোগীদের সক্ষমতা বৃদ্ধির জন্য।</p> <p>১.৫ পরিবেশ ও জীব বৈচিত্র্যতা বিষয়ক কোস্ট মূল্যবোধ সংস্থার কর্মকান্ডকে নিয়ন্ত্রণ করে।</p>	<p>৩.১ সম্প্রতি ঘটে যাওয়া ঘূর্ণিঝড় মোরা ও রোয়ানু কর্মকান্ড বিষয়ে কোস্ট প্রতিবেদন।</p> <p>৩.২ সংবাদ পত্র, প্রতিবেদন, কোস্ট ওয়েব সাইট এবং বিভিন্ন সময়ে মানব বন্ধন ও অন্যান্য কাজের জন্য তৈরিকৃত অবস্থান পত্র।</p> <p>৩.৩ সদস্য কেইস স্টাডি,</p> <p>৩.৪ প্রকল্প প্রস্তাবনা, প্রশিক্ষণ কারিকুলাম।</p> <p>৩.৫ কোস্ট মূল্যবোধ।</p>

ক্রম	কমিটমেন্ট	কিভাবে কোস্ট এই কমিটমেন্ট বাস্তবায়ন করে। (প্রমাণ)	প্রমাণিক ডকুমেন্ট
৪.	সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সংস্থা থেকে তাদের প্রাপ্য অধিকার সম্পর্কে জানে এবং সংস্থার কর্মকান্ড বিষয়ে মতামত দিতে পারে ও অংশগ্রহণ করতে পারে। সংস্থার সকল ধরনের তথ্য তাদের জানার অধিকার আছে।	<p>১.১ ওয়েব সাইটের মাধ্যমে সংস্থার বেশীরভাগ তথ্য প্রকাশ করা হয়।</p> <p>১.২ সমিতি সভায় ঋণের তথ্য, সঞ্চয় তথ্য, নিয়মকানুন ইত্যাদি প্রকাশ করা হয়।</p> <p>১.৩ প্রকল্প পরিচিতি সভার মাধ্যমে প্রকল্প ভিত্তিক তথ্য প্রকাশ করা হয়।</p> <p>১.৪ তথ্য প্রকাশ নীতিমালা আছে এবং সবার জনার ব্যবস্থা করা হয়েছে।</p> <p>১.৫ কোস্ট সবার জন্য জানার অধিকার বিষয়ক লিফলেট ব্যবহার করে উন্নয়ন শিক্ষা লেসন পরিচালনা ও স্টেকহোল্ডার পর্যায়ে আলোচনা হয়েছে।</p> <p>১.৬ দুর্যোগ সহায়তা পাওয়ার লিস্ট তৈরি, সমিতি সদস্য নির্বাচন করা, প্রকল্পের উপকারভোগী নির্বাচনে সদস্যদের মতামত নেয়া হয়।</p> <p>১.৭ বার্ষিক কর্মসূচি মূল্যায়ন ও প্রকল্প মূল্যায়নে সদস্যদের মতামত নেয়া হয়।</p> <p>১.৮ বিভিন্ন কর্মী সভায় এবং জনসংগঠন সভায়, বোর্ড সভায় (যেখানে সদস্যদের ২জন প্রতিনিধি আছে) বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে সকলের মতামত নেয়া হয়।</p>	<p>৪.১ ওয়েব সাইট</p> <p>৪.২ সমিতি সভা প্রতিবেদন, প্রকল্প উঠান বৈঠক, এফজিডি ইত্যাদি।</p> <p>৪.৩ সংক্ষিপ্ত প্রকল্প ব্রিফ / লিফলেট, প্রকল্প পরিচিতি সভা প্রতিবেদন ও পেপার কাটিং।</p> <p>৪.৪ কোস্ট তথ্য প্রকাশ নীতিমালা।</p> <p>৪.৫ উন্নয়ন শিক্ষা লেসন বুক।</p> <p>৪.৬ সদস্য নির্বাচন ক্রাইটেরিয়া, (সাইক্লোন রোয়ানুর সময় খনন করার জন্য পুকুর নির্বাচন এবং কাজের বিনিময় টাকা কর্মসূচির উপকারভোগী নির্বাচন, স্থানীয় জনগণ ও দুর্যোগ ক্ষতিগ্রস্তরা মিলে তৈরি করেছে।)</p> <p>৪.৭ প্লান অফ অপারেশন।</p> <p>৪.৮ জনসংগঠন ও বোর্ড সভা, কর্মীসম্মেলন প্রতিবেদন।</p>
৫.	সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় ও সর্বস্তরের জনগণের জন্য সংস্থার অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি সচল আছে। এটি নিরাপদ এবং কার্যকর ও সহজ।	<p>৫.১ সংস্থার একটি পূর্ণাঙ্গ এবং সচল অভিযোগ ব্যবস্থাপনা নীতিমালা রয়েছে।</p> <p>৫.২ অভিযোগ কর্মকর্তার নম্বর ও ঠিকানা সকলের জন্য প্রকাশের ব্যবস্থা করা হয়েছে।</p> <p>৫.৩ সদস্য পাশ বই এ নির্বাহী পরিচালকের মোবাইল নম্বরে সদস্যরা ফোনে অভিযোগ জানাতে পারে।</p> <p>৫.৪ অভিযোগ ব্যবস্থাপনা নীতি মালা বিষয়ে সদস্য, সহকর্মী এবং স্টেকহোল্ডার পর্যায়ে ওরিয়েন্টেশন করা হয়েছে।</p> <p>৫.৫ অভিযোগ বক্স আছে।</p>	<p>৫.১ অভিযোগ বক্স ও রেজিস্টার।</p> <p>৫.২ অভিযোগ নীতিমালা।</p> <p>৫.৩ ফোন নং লেখাসহ পাশ বই</p> <p>৫.৪ অফিসের দেখা যায়মত স্থানে অভিযোগ কর্মকর্তার নাম মোবাইল নং টানানো আছে।</p> <p>৫.৫ অভিযোগ বক্স।</p>
৬.	সংস্থার সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ এর জন্য সমন্বিত এবং সম্পূরক সহায়তা এবং কর্মকান্ড বাস্তবায়ন করে।	<p>৬.১ কোস্ট কর্ম এলাকায় যে কোন দুর্যোগ সংঘটিত হলে স্থানীয় প্রশাসনের সাথে আলাপ আলোচনা করে সমন্বিত কর্মকান্ড পরিচালনা করে। বিশেষ করে কোস্ট এর কাজ গুলি হয় সম্পূর্ণ। অর্থাৎ জনগণের চাহিদা আছে অন্য কেউ সেটা দিচ্ছে না কোস্ট সেটা দেওয়ার চেষ্টা করে। যেমন: সাইক্লোন রোয়ানু ও মোরা দুর্যোগের সময় কোস্ট মানুষজনকে সাইক্লোন সেল্টারে যেতে আহবান করেছে, রেডিওর মাধ্যমে বিপদ সংকেত প্রচার করা, বিশুদ্ধ খাবার পানি বিতরণ, পুকুর খনন ইত্যাদি।</p> <p>৬.২ স্থানীয় ও জাতীয় পর্যায়ে এনজিও, ও অন্যান্য অধিকার ভিত্তিক সংস্থার সাথে সমন্বিতভাবে উপকূলীয় মানুষ ও জমি রক্ষার আন্দোলন করে।</p> <p>৬.৩ কোস্ট জাতীয় এবং আর্ন্তজাতিক সংস্থাসমূহের নিকট দুর্যোগ এর ক্ষয় ক্ষতি বিষয়ক তথ্য প্রেরণ করে এবং ক্ষতিগ্রস্ত মানুষের জন্য সহায়তা আনার চেষ্টা করে। যেমন: রোয়ানুতে ব্র্যাক, মোরাতে</p>	<p>৬.১ রোয়ানু, মোরা, সিডর ও আইলা সাইক্লোনে কোস্ট কর্মকান্ড প্রতিবেদন ও পেপার কাটিং।</p> <p>৬.২ উপকূলীয় মানুষ ও জমি সুরক্ষা বিষয় আন্দোলনের প্রতিবেদন, নিউজ কাভারেজ, অবস্থান পত্র, কোস্ট ওয়েব সাইট ইত্যাদি।</p> <p>৬.৩ চাহিদা নিরূপন প্রতিবেদন, বিভিন্ন সংস্থাকে প্রেরণের ইমেইল কপি, দুর্যোগ সহায়তা কর্মকান্ড বাস্তবায়ন প্রতিবেদন, পেপার কাটিং, ফটো ইত্যাদি।</p>

ক্রম	কমিটমেন্ট	কিভাবে কোস্ট এই কমিটমেন্ট বাস্তবায়ন করে। (প্রমাণ)	প্রমাণিক ডকুমেন্ট
		ওয়ার্ল্ড ভিশন এর সহায়তা, সিডর এর সময় ইউনিসেফ এর সহায়তা ইত্যাদি।	
৭.	সংস্থার সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সর্বদাই উন্নত সেবা ও কর্মকাণ্ড পেয়ে থাকেন। কারণ সংস্থা তার কর্মকাণ্ডের নিয়মিত পর্যালোচনা এবং শিক্ষণ মূল্যায়ন কণ্ডে ও সেঅনুযায়ী কর্মকাণ্ড গ্রহণ বা পরিবর্তন করে।	<p>৭.১ দুর্যোগ ক্ষতিগ্রস্ত জনগন, ঋণ কার্যক্রম ও বিভিন্ন প্রকল্পের উপকারভোগীদের সাথে আলাপ আলোচনা করে কর্মসূচি নির্ধারন করা হয়।</p> <p>৭.২ কোস্ট মনিটরিং করার সময় এবং প্রতিবছর কর্মকাণ্ড রিভিউ করার সময় দুর্যোগ ক্ষতিগ্রস্ত জনগন, ঋণ কার্যক্রম ও বিভিন্ন প্রকল্পের উপকারভোগী ও স্থানীয় স্টেক হোল্ডারদের মতামত গ্রহণ করে ও সে অনুযায়ী কর্মসূচি, নিয়ম কানুন পরিবর্তন পরিবর্ধন করেণ।</p> <p>৭.৩ জনসংগঠন সভা, বার্ষিক কর্মীসভা, মনিটরিং, অডিট, মাসিক প্রকল্প সভা, এমসিএম, পিপিএম ইত্যাদি সভার মাধ্যমে বাস্তবায়িত কর্মকাণ্ড পর্যালোচনা করা হয়। এবং প্রাপ্ত শিক্ষণ বিবেচনায় নিয়ে পরবর্তী কাজের পরিকল্পনা করা হয়।</p> <p>৭.৪ মনিটরিং ও অডিট বিভাগ থেকে নিয়মিতভাবে কর্মকাণ্ড পর্যালোচনা করা হয়। যেখানে সদস্য ও স্টেক হোল্ডারদের মতামত গ্রহণ করা হয়।</p>	<p>৭.১ প্রকল্প প্রস্তাবনা ও বাজেট।</p> <p>৭.২ প্লান অফ অপারেশন।</p> <p>৭.৩ বার্ষিক কর্মী সভার প্রতিবেদন।</p> <p>৭.৪ সময় ভিত্তিক মনিটরিং ও অডিট প্রতিবেদন।</p>
৮.	সংস্থার সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সংস্থার একদল দক্ষ, সৎ ও নিবেদিত কর্মী বাহিনী থেকে উন্নত কর্মকাণ্ড ও সেবা পাচ্ছে।	<p>৮.১ মূল্যবোধ ও পেশাগত মানের চর্চা এবং অগ্রহণযোগ্য সাকুলারের বাস্তবায়ন হচ্ছে।</p> <p>৮.৩ প্রশিক্ষণ ক্যালেভার অনুসরণ করে কর্মী প্রশিক্ষনের আয়োজন করা হয়।</p> <p>৮.৪ নতুন সহকর্মীদের ইডাকশন প্রশিক্ষণ প্রদান করা হয়।</p> <p>৮.৫ নিয়মিত সভা অনুষ্ঠিত হয়, এখানে তত্ত্বাবোধায়কদের থেকে উৎসাহ ও উদ্দীপণা দেওয়া হয়।</p> <p>৮.৬ মানব সম্পদ ও হিসাব নীতিমালা অনুসরণ করতে সহকর্মীদের সেগুলি পড়ানো হয়। অডিট করে ফিডব্যাক দিয়ে কর্মী উন্নয়নে চেষ্টা করা হয়।</p> <p>৮.৭ বার্ষিক কর্মী মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করে কর্মী উন্নয়নের চেষ্টা করা হয়।</p> <p>৮.৮ কর্মকাণ্ড বাস্তবায়ন (ঋণ কার্যক্রম, প্রকল্প ইদ্যাদি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।</p> <p>৮.৯ জিরো টলারেন্স নিতিমালার মাধ্যমে অপরাধ মূলক কর্মকাণ্ড হতে কর্মীদের বিরত রাখার চেষ্টা করা হয়।</p>	<p>৮.১ মূল্যবোধ ও পেশাগত বৈশিষ্ট্য।</p> <p>৮.২ প্রশিক্ষণ ক্যালেভার।</p> <p>৮.৩ বার্ষিক মিটিং সিডিউল।</p> <p>৮.৪ নতুন সহকর্মীদের ইডাকশন প্রশিক্ষণ সিডিউল।</p> <p>৮.৫ মানব সম্পদ ও হিসাব নীতি মালা।</p> <p>৮.৬ সহকর্মীদের টর</p> <p>৮.৭ কর্মীমূল্যায়ন ফরমেট।</p> <p>৮.৮ প্রশিক্ষণ প্রতিবেদন।</p> <p>৮.৯ জিরো টলারেন্স নিতিমালা।</p>
৯.	সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সংস্থার নিকট থেকে সম্পদ ব্যবহারে নৈতিকতা, আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা এবং সঠিক কাজে সকল সম্পদের ব্যবহার আশা করতে পারে।	<p>৯.১ সম্পদ ব্যবহারের ক্ষেত্রে কোস্ট মিত ব্যায়িতায় বিশ্বাস করে। যা সংস্থার মু্যোবোধে আছে।</p> <p>৯.২ প্রতি বছর তৃতীয় পক্ষ দ্বারা অডিট হয়। এবং ট্রাস্টি বোর্ডের পক্ষ থেকেও আর্থিক বিষয় সমূহ পর্যবেক্ষনে সভা হয়।</p> <p>৯.৩ যে কোন সম্পদ ক্রয়ের ক্ষেত্রে সংস্থার ক্রয় নিতিমালা অনুসরণ করা হয়।</p> <p>৯.৪ সম্পদ ব্যবস্থাপনা নিতিমালার আলোকে সংস্থা সকল সম্পদ রক্ষণা বেক্ষণ করা হয়।</p> <p>৯.৫ সদস্য বা উপকারভোগী পর্যায়ে কোন সম্পদ বিতরণ করা হলে তা সরাসরি নির্দিষ্ট ব্যাক্তির নিকট পৌছানো নিশ্চিত করা হয়। সেমন: স্কুল বাচ্চাদের ব্যাগ, কল্লাবাজাও পান চাষীদের নগদ সাহায্য ইত্যাদি।</p>	<p>৯.১ কোস্ট মূল্যবোধ।</p> <p>৯.২ বার্ষিক অডিট প্রতিবেদন ও বোর্ড অডিট সভা প্রতিবেদন।</p> <p>৯.৩ কোস্ট ক্রয় নিতিমালা।</p> <p>৯.৪ সম্পদ ব্যবস্থাপনা নিতি মালা।</p> <p>৯.৫ মাস্টার রোল।</p>

